313001 - কুরআন তলোওয়াতরে পর দোয়া করা

প্রশ্ন

কুরআন তলোওয়াত শষে করার পর

سبحانك اللهم وبحمدك ، لا إله إلا أنت أستغفرك وأتوب إليك

এই দোয়া পড়ার শুদ্ধতা কি? তলোওয়াত সমাপ্ত করার পর পঠতিব্য বশিষে কোন দোয়া আছে কি?

প্রয়ি উত্তর

আলহামদু লল্লিাহ।.

এক:

আয়শো (রাঃ) থকেে বর্ণতি আছে যে, তনিি বলনে: "যখনই রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন বঠৈকে বসতনে, যখনই কুরআন তলোওয়াত করতনে কংিবা নামায আদায় করতনে তখনই তনিি কছিু বাক্যরে মাধ্যমে সটোকে সমাপ্ত করতনে। (আয়শো রাঃ) বলনে: সে প্রসঙ্গে আমি বললাম: ইয়া রাসূলুল্লাহ্! আমি দখেি আপনি যে কোন বঠৈক, যে কোন তলোওয়াত এবং যে কোন নামায এই বাক্যগুলোর মাধ্যমে সমাপ্ত করে থাকনে? তনিি বললনে: হ্যাঁ। যে ব্যক্তি কোন ভাল কথা বলল তার জন্য সইে ভালোর উপর সীলমোহর হল এবং যে ব্যক্তি কোন খারাপ কথা বলল তার জন্য কাফ্ফারা (প্রায়শ্চত্তি) হল: سُبْحَانَكَ وَبِحَمْدِكَ، لَا إِلَهَ إِلَّا أَنْتَ، أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيْكَ (আমি প্রশংসাসহ আপনার পবত্রিতা ঘোষণা করছি। আপনি ছাড়া সত্য কোন উপাস্য নইে। আমি আপনার কাছে ক্ষমা প্রার্থনা করছি এবং আপনার কাছে তাওবা করছি।)।[আলাবানী সলিসলিা সাহহিা গ্রন্থে (৩১৬৪) হাদসিটকিে সহহি বলছেনে]

এই হাদসিে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রত্যকে বঠৈক শষেে বঠৈকরে কাফ্ফারা সংক্রান্ত যকিরি উল্লখে করছেনে; সইে বঠৈক যকিরিরে বঠৈক হোক কংিবা মন্দ ও বহেুদা কথা মশি্রতি বঠৈক হোক। যদি যকিরিরে বঠৈক হয় তাহলে এটি যনে ঐ বঠৈকরে সীলমোহর।

সন্দিি (রহঃ) বলনে:

"উদ্দশ্যে হচ্ছে এই যকিরিটি সইে ভাল কাজকে সাব্যস্তকারী, কবুলরে মর্যাদায় উন্নীতকারী ও প্রত্যাখ্যাত হওয়ার

আশংকামুক্তকারী হওয়া।”[মিরিআতুল মাসাবীহ (৮/২০৪)]

পূর্বোক্ত আলোচনার আলোকে কোন মুসলিমের জন্য এই যিকির পড়ার মাধ্যমে বৈঠক সমাপ্ত করা মুস্তাহাব; সেটা যে বৈঠক-ই হোক না কেন। কুরআনের বৈঠক, নামায, কিংবা কোন সঙ্গীসাথীদের সাথে বৈঠক করল, পরিবারের সদস্যদের সাথে বৈঠক করল, সমঝোতা বৈঠক করল কিংবা অন্য কোন বৈঠক করল; এরপর যখন উঠে যেতে চাইবে তখন সরাসরি উঠে যাওয়ার আগে এই যিকিরটি বলবে; এরপর উঠবে।

দুই:

কুরআন খতম করার ব্যাপারে বিশেষ কোন দোয়া সাব্যস্ত হয়নি; না এই দোয়াটি, আর না অন্য কোন দোয়া। ইতিপূর্বে উল্লেখ করা হয়েছে যে, এই যিকির ও দোয়াটি খতমে কুরআন বা অন্য কিছুর দোয়া নয়; বরং এটি সকল বৈঠকের জন্য আম দোয়া।

কিন্তু আলেমগণ কুরআন খতমের অনুষ্ঠানে উপস্থিত হওয়াকে মুস্তাহাব বলেন। ইমাম নববী বলেন: “কুরআন খতমের অনুষ্ঠান উপস্থিত হওয়া তাগিদপূর্ণ মুস্তাহাব।”[আত্-তীবইয়ান ফি আদাবি হামালাতিল কুরআন (পৃষ্ঠা-১৫৯)]

ইবনে কুদামা (রহঃ) ‘আল-মুগনী’ গ্রন্থে (২/১২৬) বলেন: “কুরআন খতমের সময় দোয়াতে হাযির থাকার জন্য পরিবারের সদস্যদেরকে ও অন্যদেরকে একত্রিত করা মুস্তাহাব।

ইমাম আহমাদ বলেন: আনাস (রাঃ) যখন কুরআন খতম করতেন তার স্ত্রী-সন্তানদেরকে একত্রিত করতেন।

ইবনে মাসউদ (রাঃ) সম্পর্কেও এমন বিষয় বর্ণিত আছে।”

আরও জানতে দেখুন: 65581 নং ও 37683 নং প্রশ্নোত্তর।

আল্লাহ্ই সর্বজ্ঞ।